

## আন্তর্জাতিক

# ইয়েমেনে সরকারি বাহিনীর সঙ্গে তীব্র সংঘর্ষ, ৮০ হুথি যোদ্ধা নিহত

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৩৪ PM



ইয়েমেনের উত্তর-পূর্বাঞ্চলীয় মারিভ প্রদেশের রাজধানী মারিভ সিটির কাছে সরকারি বাহিনীর সঙ্গে হুথি যোদ্ধাদের তীব্র সংঘর্ষ হয়েছে। এতে ৮০ জনের বেশি হুথি যোদ্ধা নিহত হয়েছেন বলে জানিয়েছে ইয়েমেনি সেনাবাহিনী।

রোববার (২০ সেপ্টেম্বর) রাতে ইয়েমেনি সেনাবাহিনীর মিডিয়া বিভাগের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ইয়াহিয়া আল-হাতেমি সৌদি আরবভিত্তিক সংবাদমাধ্যম আরব নিউজকে এ তথ্য জানান।

তিনি বলেন, শনিবার রাত থেকে রোববার রাত পর্যন্ত প্রায় ২৪ ঘণ্টা ধরে সংঘর্ষ চলে। এ সময় সরকারি বাহিনীর হামলায় ৮০ জনের বেশি হুথি যোদ্ধা নিহত এবং আরও অনেকে পালিয়ে যায়। এ ছাড়া হুথিদের নয়টি সামরিক যান ধ্বংস করা হয়েছে।

ইয়েমেনি সেনাবাহিনী জানিয়েছে, মারিভ প্রদেশের বিভিন্ন সমুখসারিতে হুথিদের অবস্থান লক্ষ্য করে বিমান হামলা চালানো হয়। এসব হামলায় যোদ্ধাদের সমাবেশস্থল, সামরিক রসদ ও সুরক্ষিত অবস্থান লক্ষ্যবস্তু করা হয়।

আল-হাতেমির দাবি, সরকারি বাহিনীর হামলার মুখে গত ২৪ ঘণ্টায় মারিবের বাইরের বিভিন্ন অবস্থান থেকে হুথি যোদ্ধারা পিছু হটতে বাধ্য হয়েছেন।

এদিকে শনিবার ইয়েমেনের হুথি নিয়ন্ত্রিত সানা, আমরান, হোদেইদা ও অন্যান্য এলাকায় অন্তত ৫০ যোদ্ধার জানাজা অনুষ্ঠিত হয়েছে। নিহতদের মধ্যে কয়েকজন হুথি কর্মকর্তা ছিলেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

আল-হাতেমি দাবি করেন, হুথিরা প্রকাশ্যে যে সংখ্যক নিহতের কথা স্বীকার করেছে, তা প্রকৃত যুদ্ধক্ষেত্রে নিহতের ১০ শতাংশেরও কম। তার হিসাবে, প্রতিদিন ৩০০ থেকে ৫০০ হুথি যোদ্ধা নিহত হচ্ছেন। তবে এই দাবির স্বাধীনভাবে যাচাই করা তথ্য প্রতিবেদনে দেওয়া হয়নি।

ইয়েমেনি সেনাবাহিনী আরও জানিয়েছে, হুথিদের সঙ্গে আশপাশের পার্বত্য এলাকায় সংঘর্ষের পর তারা মারিবি শহরের পশ্চিমে অবস্থিত নোমান পাহাড়ের নিয়ন্ত্রণ নিয়েছে।

মারিবে ইয়েমেনে অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত মানুষের বড় একটি অংশ বসবাস করে। গত এক দশকের সংঘাত ও হুথিদের দমন-পীড়ন থেকে পালিয়ে ২০ লাখের বেশি মানুষ সেখানে আশ্রয় নিয়েছেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

শহরটির আশপাশে তেল ও গ্যাসক্ষেত্রের পাশাপাশি একটি গুরুত্বপূর্ণ বিদ্যুৎকেন্দ্র রয়েছে। মারিবি দখলের জন্য হুথিদের ধারাবাহিক অভিযানে বহু বেসামরিক নাগরিক ও যোদ্ধা নিহত বা আহত হয়েছেন। তবে শহরটি দখলে তাদের কোনো অভিযান সফল হয়নি।

২০২২ সালের এপ্রিলে জাতিসংঘের মধ্যস্থতায় যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর হুথিরা তাদের বড় ধরনের অভিযান বন্ধ করে দেয়।

## এ বিভাগের আরও খবর



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের  
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার  
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



**গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি**  
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



**সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত**  
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



**ক্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর**  
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...